

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৪

ধর্মনগর, ৯ মে, ২০২৪

ধর্মনগরে রাজ্যভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী

শিক্ষা দপ্তরের উদ্যোগে গতকাল উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরে রাজ্যভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৰ্তা দেবপ্রিয় বৰ্ধন, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্ৰ শৰ্মা, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববৰ্মা। অনুষ্ঠানে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার বলেন, রবীন্দ্রনাথের জীবন ও সাহিত্য থেকে বর্তমান প্রজন্মের ছাত্রছাত্রীদের শিক্ষা নিতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলাশাসক দেবপ্রিয় বৰ্ধন। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আবৃত্তি, রবীন্দ্র সংগীত ও রবীন্দ্র নৃত্য পরিবেশন করে। তাছাড়াও নাটক মঞ্চস্থ হয়।

ধর্মনগর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগেও গতকাল মহকুমাভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। সকালে দীঘির পাড়ে রবীন্দ্র মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধর্মনগর মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববৰ্মা, বরিষ্ঠ তথ্য আধিকারিক সঞ্জীব কুমার দাস প্রমুখ। সন্ধ্যায় বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে শহরের বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ অংশ নেন।
